

## প্যানেল মিটিংয়ের উপরিচিত্র: শিক্ষা বছর (SY) 2026-2027

### মিটিংয়ের তথ্য ও ক্যালেন্ডার

সকল মিটিং সন্ধ্যা 6:00pm (EST) শুরু হয় এবং ইন্টারনেটের মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয় (এখানে দেখুন)। প্রতি মাসের মিটিং সম্পর্কে অতিরিক্ত তথ্য উল্লেখিত ওয়েবসাইটে পাওয়া যেতে পারে: [PEP - প্যানেল মিটিংয়ের সময়সূচি](#)। প্যানেল মিটিংগুলোতে *সবসময়ই* দোভাষী পরিষেবা প্রদান করা হবে। আপনার যদি এমন কোনও ভাষায় পরিষেবা প্রয়োজন হয় যা ইতোমধ্যেই দেয়া হচ্ছে না, তবে অনুগ্রহ করে আমাদের সাথে এই ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন: [panel@schools.nyc.gov](mailto:panel@schools.nyc.gov)।

মিটিংয়ের তথ্য এবং তারিখ (SY 2026-2027)		
মিটিংয়ের মাস	মিটিংয়ের ধরন	মিটিংয়ের তারিখ
জুলাই	নিয়মিত মাসিক মিটিং	29 জুলাই, 2026
অগাস্ট	নিয়মিত মাসিক মিটিং	26 অগাস্ট 2026
সেপ্টেম্বর	নিয়মিত মাসিক মিটিং	30 সেপ্টেম্বর, 2026
অক্টোবর	নিয়মিত মাসিক মিটিং	28 অক্টোবর, 2026
নভেম্বর	নিয়মিত মাসিক মিটিং	18 নভেম্বর, 2026
ডিসেম্বর	বিশেষ মিটিংয়ের জন্য সংরক্ষিত*	9 ডিসেম্বর, 2026
	নিয়মিত মাসিক মিটিং	16 ডিসেম্বর, 2026
জানুয়ারি	নিয়মিত মাসিক মিটিং	20 জানুয়ারি, 2027
	বিশেষ মিটিংয়ের জন্য সংরক্ষিত*	27 জানুয়ারি, 2027
ফেব্রুয়ারি	বিশেষ মিটিংয়ের জন্য সংরক্ষিত*	10 ফেব্রুয়ারি, 2027
	নিয়মিত মাসিক মিটিং	24 ফেব্রুয়ারি, 2027
মার্চ	বিশেষ মিটিংয়ের জন্য সংরক্ষিত*	17 মার্চ, 2027
	নিয়মিত মাসিক মিটিং	24 মার্চ, 2027
এপ্রিল	নিয়মিত মাসিক মিটিং	14 এপ্রিল, 2027
মে	বিশেষ মিটিংয়ের জন্য সংরক্ষিত*	5 মে, 2027
	নিয়মিত মাসিক মিটিং	19 মে, 2027
জুন	নিয়মিত মাসিক মিটিং	9 জুন, 2027

\*আমরা "বিশেষ মিটিংগুলোর" জন্য কিছু তারিখ সংরক্ষণ করছি, যেগুলো স্কুল ব্যবহার সংক্রান্ত প্রস্তাবগুলোর জন্য ব্যবহারের প্রয়োজন হতে পারে।

### জনসাধারণের মতামত প্রদানে অংশগ্রহণ

একটি প্যানেল মিটিংয়ে সশরীরে গণ-বিবৃতি প্রদানের দুইটি ভিন্ন ধরনের উপায় রয়েছে: (1) জনসাধারণের মতামত এবং (2) উন্মুক্ত মতামত। বিভিন্ন চুক্তি, স্কুল ব্যবহারের প্রস্তাব, চ্যাম্পেলরের প্রবিধানের মতো যেসব বিষয়ের উপর প্যানেল ভোট দেবে, সেসব আলোচ্য বিষয়ের উপর **জনসাধারণের মতামত** গ্রহণ করা হয়। জনসাধারণের মাঝে যারা বক্তব্য পেশ করার জন্য সাইন আপ করেন, তারা মিটিংয়ের যথাযথ অংশে(সমূহে) সর্বোচ্চ আড়াই মিনিট (2:30) সময় পাবেন। সকল আলোচ্য বিষয়ের উপর ভোট গ্রহণের পর, মিটিংয়ের শেষভাগে **উন্মুক্ত মতামত** গ্রহণ করা হয়। উন্মুক্ত মতামত জনসাধারণকে ঐ মিটিংয়ের আলোচ্যসূচির সাথে সম্পর্কিত ও সম্পর্কহীন আগ্রহের যেকোনো বিষয়ে সর্বোচ্চ দুই মিনিট (2:00) আলোচনা করার সুযোগ দেয়ার জন্য সুনির্দিষ্টভাবে ডিজাইন করা হয়েছে। এছাড়াও, সশরীরে বিবৃতি দেয়ার পাশাপাশি, জনসাধারণ যেকোনো সময় পুরো প্যানেলের কাছে সরাসরি লিখিত গণ-মতামত জমা দিতে পারেন।

### গণ-মতামত দেয়ার জন্য সাইন আপ

জনসাধারণের অথবা উন্মুক্ত মতামত প্রদানের সময় সশরীরে বিবৃতি পেশ করতে যে কেহই সাইন আপ করতে পারেন। উভয়, আয়োজনকারী স্কুলের দরজায় এবং প্যানেলের ওয়েবসাইটে ভার্চুয়ালভাবে, স্পিকার বা বক্তব্য প্রদানকারীর জন্য সাইন-আপ করার সুযোগ 5:30 থেকে 6:15pm (EST) পর্যন্ত খোলা থাকবে (এখানে দেখুন)। বক্তাগণ শুধুমাত্র গণ মতামত প্রদানের জন্য নিজেদের নাম সাইন আপ করতে পারবেন, এবং যারা সাইন আপ করবেন, শুধুমাত্র তাদেরকেই যথাযথ সময়ে(সমূহে) কথা বলতে ডাকা হবে। যারা জনসাধারণের মতামত প্রদানের সময় ভোটদানের সুনির্দিষ্ট বিষয়গুলো নিয়ে বক্তব্য পেশ করতে চান, তাদেরকে মিটিংয়ের সংশ্লিষ্ট অংশে সর্বোচ্চ আড়াই মিনিট (2:30) সময় দেয়া হবে। এদিকে, যারা উন্মুক্ত মতামত প্রদানের সময় বক্তব্য পেশ করতে চান তাদেরকে মিটিংয়ের সেই অংশে সর্বোচ্চ দুই মিনিট (2:00) সময় দেয়া হবে।